Powder for injection

# Cefqueen Vet

Cefquinome Sulfate INN

Only for the use of animals

**Composition**

**Cefqueen Vet 225:** Each vial contains Cefquinome 225 mg (as sterile Cefquinome Sulfate INN). Each ampoule contains 5 ml Benzyl Alcohol 1% BP for reconstitution.

**Cefqueen Vet 450:** Each vial contains Cefquinome 450 mg (as sterile Cefquinome Sulfate INN). Each ampoule contains 10 ml Benzyl Alcohol 1% BP for reconstitution.

**Pharmacology**

Cefquinome is 4th generation Cephalosporin antibiotic. It has extremely broad spectrum activity & high stability against β-lactamase. It has high cellular penetration & faster action. Cefquinome kills bacteria by inhibiting cell wall synthesis through inhibiting transpeptidase enzyme.

**Indication**

**Cattle:** For the treatment of mastitis, respiratory tract infection, foot rot & septicemia etc. **Calves:** *E. Coli* caused bacterial infections. **Horse:** Respiratory tract infection & other bacterial infections. **Pigs:** Respiratory tract infection & Metritis-Mastitis-Agalactia (MMA) syndrome.

**Dosage & administration**

**Route of administration:** IM/IV only.

**Direction for reconstitution:**

Add 5 ml Benzyl Alcohol 1% into 225 mg powder for injection and 10 ml Benzyl Alcohol 1% BP into 450 mg powder for injection. Shake well until the powder is dissolved properly.

**Cattle:** Mastitis- 1 ml/45 kg body weight (1 mg/kg) IM once daily for 2 days. Respiratory tract infection & foot rot- 1 ml/45 kg body weight (1 mg/ kg) IM once daily for 3-5 days. **Calf:** *E. coli* caused septicemia 1 ml/22 kg body weight (2 mg/kg) IM once daily for 3-5 days. Should not be used more than 10 ml per injection site. **Horse:** 1 ml/45 kg body weight (1 mg/kg) IM/IV once daily for 5-10 days. **Foal:** 1 ml/45 kg body weight (1 mg/kg) IM/IV twice daily for 6-14 days. It is recommended to start the treatment with IV injection for 3 days & then follow IM injection. **Pigs:** Metritis-Mastitis-Agalactia (MMA) syndrome- 1 ml/22 kg body weight (2 mg/kg) IM once daily for 2 days. Respiratory tract infection- 1 ml/22 kg body weight (2 mg/kg) IM once daily for 3-5 days.

Or as directed by the registered veterinarian.

**Contraindication**

Contraindicated for animals hypersensitive to Cephalosporin antibiotics & other β-lactam antibiotics.

**Side effects**

Common side effects: Localized tissue reaction may occur in some cases, but it will be resolved within 15 days of last administration. Rare side effects: Not known.

**Warning & precaution**

Do not use Cefquinome simultaneously with any bacteriostically acting antibiotics.

**Use in pregnancy & lactation**

There is no information on reproductive toxicity in cattle & horse. However, risk & necessity should be considered during administration of medicine in pregnant & lactating animals.

**Overdose**

The safety margin of Cefquinome in cattle is 20 times.

**Drug interaction**

With medicine: It should not be used with any bacteriostatic antibiotics.

With food & others: Not known.

**Withdrawal time**

Cattle: Meat- Meat must not be consumed up to 2 days after administration of this medicine, Milk- Milk must not be consumed up to 36 hours after administration of this medicine. Horse: Meat- Meat must not be consumed up to 4 days after administration of this medicine, Milk- Not to be used in horses producing milk for human consumption.

**Storage**

Store below 25°C temperature, dry place & protected from light. Reconstituted injection may be stored in a refrigerator 2° to 8°C (36° to 46° F) for up to ten (10) days Keep all medicines out of reach of children.

**Packing**

**Cefqueen Vet 225:** Each box contains one vial of Cefquinome 225 mg powder for injection & one ampoule of 5 ml Benzyl Alcohol 1% BP in a blister strip and a 5 ml disposable syringe. **Cefqueen Vet 450:** Each box contains one vial of Cefquinome 450 mg powder for injection & one ampoule of 10 ml Benzyl Alcohol 1% in a blister strip and a 10 ml disposable syringe.

Manufactured by
The ACME Laboratories Ltd
Veterinary Division

পাউডার ফর ইনজেকশন

# সেফকুইন ভেট

সেফকুইনোম সালফেট আইএনএন

শুধুমাত্র পশু চিকিৎসায় ব্যবহারের জন্য

**উপাদান**

**সেফকুইন ভেট ২২৫ :** প্রতি ভায়ালে রয়েছে সেফকুইনোম ২২৫ মি.গ্রা.(জীবাণুমুক্ত সেফকুইনোম সালফেট আইএনএন হিসেবে)। প্রতি অ্যাম্পুলে আছে সংমিশ্রণের জন্য ৫ মি.লি. বেনজাইল এলকোহল ১% বিপি।

**সেফকুইন ভেট ৪৫০ :** প্রতি ভায়ালে রয়েছে সেফকুইনোম ৪৫০ মি.গ্রা.(জীবাণুমুক্ত সেফকুইনোম সালফেট আইএনএন হিসেবে)। প্রতি অ্যাম্পুলে আছে সংমিশ্রণের জন্য ১০ মি.লি. বেনজাইল এলকোহল ১% বিপি।

**ফার্মাকোলজি**

সেফকুইনোম ৪র্থ প্রজন্মের একটি সেফালোস্পোরিন এন্টিবায়োটিক। ইহা খুবই বিস্তৃত বর্ণালীর ও বিটা-ল্যাকটামেজ এনজাইমের উপস্থিতিতেও কার্যকর। ইহা খুব দ্রুত কোষের ভিতর প্রবেশ করে কাজ করে। সেফকুইনোম ট্রান্সপেপটাইডেজ এনজাইমকে বাধা প্রদানের মাধ্যমে ব্যাকটেরিয়ার কোষ প্রাচীর সংশ্লেষণে বাধা প্রদান করে ও ব্যাকটেরিয়াকে মেরে ফেলে।

**নির্দেশনা**

**গরু:** ওলান ফোলা, শ্বাসতন্ত্রের সংক্রমণ, পা পঁচা ও সেফটিসেমিয়া রোগের চিকিৎসায় নির্দেশিত। **বাছুর:** ই. *কলাই* দ্বারা সৃস্ট ব্যাকটেরিয়াল সংক্রমণ। **ঘোড়া:** শ্বাসতন্ত্রের সংক্রমণ ও অন্যান্য ব্যাকটেরিয়াজনিত সংক্রমণের চিকিৎসায় নির্দেশিত। **শুকর:** শ্বাসতন্ত্রের সংক্রমণ, মেট্রাইটিস-ম্যাস্টাইটিস-এগালাকশিয়া (এমএমএ) সিন্ড্রোম-এ নির্দেশিত ।

**প্রয়োগমাত্রা ও প্রয়োগবিধি**

**ইনজেকশন প্রস্তুত প্রণালী:**

ইনজেকশন প্রস্তুত এর জন্য ২২৫ মি.গ্রা. পাউডার ফর ইনজেকশন এর সাথে ৫ মি.লি. বেনজাইল এলকোহল ১% এবং ৪৫০ মি.গ্রা. পাউডার ফর ইনজেকশন এর সাথে ১০ মি.লি. বেনজাইল এলকোহল ১% যোগ করতে হবে। পাউডার সম্পূর্ণ দ্রবীভূত না হওয়া পর্যন্ত ভায়ালটি ভালোভাবে ঝাঁকিয়ে নিতে হবে।

**গরু:** ওলান ফোলা- ১ মি.লি./৪৫ কেজি দৈহিক ওজন হিসেবে (১ মি.গ্রা./কেজি) মাংসপেশীতে দিনে একবার করে ২ দিন প্রয়োগ করতে হবে। শ্বাসতন্ত্রের সংক্রমণ ও পা পঁচা- ১ মি.লি./৪৫ কেজি দৈহিক ওজন হিসেবে (১ মি.গ্রা./কেজি) মাংসপেশীতে দিনে একবার করে ৩-৫ দিন প্রয়োগ করতে হবে।

**বাছুর:** ই. *কলাই* দ্বারা বাছুরের সেফটিসেমিয়া- ১ মি.লি./২২ কেজি দৈহিক ওজন হিসেবে (২ মি.গ্রা./কেজি) মাংসপেশীতে দিনে একবার করে ৩-৫ দিন প্রয়োগ করতে হবে। প্রতি ইনজেকশন স্থানে ১০ মি.লি. এর বেশি প্রয়োগ করা উচিৎ নয়। **ঘোড়া:** ১ মি.লি./৪৫ কেজি দৈহিক ওজন হিসেবে (১ মি.গ্রা./কেজি) মাংসপেশী/শিরা পথে দিনে একবার করে ৫-১০ দিন প্রয়োগ করতে হবে। **অশ্ব শাবক:** ১ মি.লি./৪৫ কেজি দৈহিক ওজন হিসেবে (১ মি.গ্রা./কেজি) মাংসপেশী/শিরা পথে দিনে দুইবার করে ৬-১৪ দিন প্রয়োগ করতে হবে। প্রথম ৩ দিন শিরা পথে ইনজেকশন প্রয়োগ করে এবং পরবর্তীতে মাংসপেশীতে প্রয়োগ করতে হবে। **শুকর:** মেট্রাইটিস-ম্যাস্টাইটিস-এগালাকশিয়া (এমএমএ) সিন্ড্রোম - ১ মি.লি./২২ কেজি দৈহিক ওজন হিসেবে (২ মি.গ্রা./কেজি) মাংসপেশীতে দিনে একবার করে ২ দিন প্রয়োগ করতে হবে। শ্বাসতন্ত্রের সংক্রমণ - ১ মি.লি./২২ কেজি দৈহিক ওজন হিসেবে (২ মি.গ্রা./কেজি) মাংসপেশীতে দিনে একবার করে ৩-৫ দিন প্রয়োগ করতে হবে।

অথবা রেজিস্টার্ড ভেটেরিনারিয়ানের পরামর্শ অনুয়ায়ী ব্যবহার্য।

**প্রতিনির্দেশনা**

সেফালোস্পোরিন ও অন্যান্য বিটা-ল্যাকটাম এন্টিবায়োটিক এর প্রতি সংবেদনশীল পশুতে প্রতিনির্দেশিত।

**পার্শ্ব-প্রতিক্রিয়া**

সাধারণ পার্শ্ব-প্রতিক্রিয়া: কিছু কিছু ক্ষেত্রে স্থানীয় টিস্যু প্রতিক্রিয়া হতে পারে, কিন্তু এটি শেষ বার ইনজেকশন প্রয়োগের ১৫ দিনের মধ্যে ভালো হয়ে যাবে।

বিরল পার্শ্ব-প্রতিক্রিয়া: জানা যায়নি।

**সাবধানতা ও সতর্কতা**

সেফকুইনোম এর সাথে একত্রে অন্যান্য ব্যাকটেরিওস্ট্যাটিক এন্টিবায়োটিক ব্যবহার করা যাবে না।

**গর্ভবতী ও দুগ্ধবতী পশুতে ব্যবহার**

গরু ও ঘোড়ার প্রজননে ক্ষতি করে এমন কোন তথ্য পাওয়া যায়নি । তবে ঝুঁকি ও প্রয়োজনীয়তা বিবেচনা করে গর্ভবতী ও দুগ্ধবতী পশুতে ঔষধ প্রয়োগ করা উচিত।

**মাত্রাধিক্য**

সেফকুইনোম গরুতে ২০ গুণ বেশি মাত্রা পর্যন্ত নিরাপদ।

**ঔষধের মিথস্ক্রিয়া**

**ঔষধের সাথে:** এটি কোন ব্যাকটেরিওস্যাটিক এন্টিবায়োটিকের সাথে ব্যবহার করা উচিত নয়।

**খাবার ও অন্যান্যের সাথে:** জানা যায়নি।

**প্রত্যাহার কাল**

গরু: মাংস- এই ঔষধ সেবনের পর ২ দিন পর্যন্ত মাংস খাওয়া যাবে না এবং দুধ- এই ঔষধ সেবনের পর ৩৬ ঘন্টা পর্যন্ত দুধ খাওয়া যাবে না। ঘোড়া: মাংস- এই ঔষধ সেবনের পর ৪ দিন পর্যন্ত মাংস খাওয়া যাবে না এবং দুধ- মানুষের খাওয়ার জন্য দুধ উৎপাদনকারী ঘোড়াতে ব্যবহার অনুচিত।

**সংরক্ষণ**

আলো থেকে দূরে, ২৫° সে. তাপমাত্রার নিচে ও শুষ্ক স্থানে রাখুন । সংমিশ্রণের পর বেনজাইল এলকোহল মিশ্রিত ঔষধটি রেফ্রিজারেটরে ২° -৮° সে. (৩৬-৪৬° ফা.) তাপমাত্রায় দশ (১০) দিন পর্যন্ত সংরক্ষণ করা যেতে পারে। সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

**মোড়কজাতকরণ**

**সেফকুইন ভেট ২২৫:** প্রতি বাক্সে আছে সেফকুইনোম ২২৫ মি.গ্রা. পাউডার ফর ইনজেকশন এর একটি ভায়াল ও ৫ মি.লি. বেনজাইল এলকোহল ১% এর একটি অ্যাম্পুল ব্লিস্টার স্ট্রিপে এবং ৫ মি.লি এর একটি একবার ব্যবহার্য সিরিঞ্জ। **সেফকুইন ভেট ৪৫০:** প্রতি বাক্সে আছে সেফকুইনোম ৪৫০ মি.গ্রা. পাউডার ফর ইনজেকশন এর একটি ভায়াল ও ১০ মি.লি. বেনজাইল এলকোহল ১% এর একটি অ্যাম্পুল ব্লিস্টার স্ট্রিপে এবং ১০ মি.লি এর একটি একবার ব্যবহায সিরিঞ্জ।

দি একমি ল্যাবরেটরীজ লিঃ
ভেটেরিনারি বিভাগ

07 4143/01